

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০,

ওয়েবসাইট : www.wbcuta.org, ই-মেল -wbcuta@yahoo.in

সার্কুলার- ৭/২০১৬

তারিখ : ০২ - ০৮ - ২০১৬

কনভেনর প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

আপনারা সবাই অবগত আছেন Ph.D/M.Phil ডিগ্রি প্রাপকদের Increment দেওয়ার দাবি নিয়ে আমরা ১৩১ জন বন্ধুকে নিয়ে হাইকোর্টে মামলা করেছিলাম। এই বন্ধুরা ছাড়াও এর জন্য গড়ে তোলা সংগ্রাম তহবিলে আপনারা অনেকেই অর্থ দিয়েছেন। যারা এই তহবিলে এখনো অর্থ দেননি তাদের দ্রুত এই লড়াই চালিয়ে যাওয়ার জন্য ন্যূনতম ২০০/- (দুইশত টাকা) দেওয়ার অনুরোধ জানাচ্ছি।

আজ এই মামলায় **WBCUTA** জয়লাভ করেছে। মাননীয় বিচারপতি আগামী ৬

সপ্তাহের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করবার জন্য সরকারকে নির্দেশ দিয়েছেন। আমরা

আশা করব সরকার জেদাজেদির জায়গায় না গিয়ে মহামান্য আদালতের এই নির্দেশ

শুধু মামলায় অংশগ্রহণকারী ১৩১ জন বন্ধুর জন্য নয়, এই আর্থিক বঞ্চনার শিকার

সকল বন্ধুর জন্য দ্রুত কার্যকর করবে। আমরা রায়-এর কপি হাতে পেলে মাননীয়

উচ্চশিক্ষামন্ত্রীসহ উচ্চশিক্ষা দপ্তরের প্রধান সচিব ও **DPI** কে এই অনুরোধ জানাব।


আমরা সমিতির পক্ষ থেকে, প্রথমে অভিনন্দন জানাচ্ছি সেই সব বন্ধুদের যারা ঝুঁকি নিয়ে এই মামলায় পাটি হয়েছেন শুধু তাই নয়, সামনে দাঁড়িয়ে দৈনন্দিন মামলা পরিচালনায় নেতৃত্ব দিয়েছেন। অভিনন্দন জানাচ্ছি সেই সব বন্ধুদেরও যারা সমিতির আবেদনে সাড়া দিয়ে সংগ্রাম তহবিলে অর্থ সাহায্য করেছেন।

আসুন সবাই মিলে অধ্যাপক সমিতির এই লড়াইকে আগামী দিনে আরো শক্তিশালী করে তুলি।

অধ্যাপক সমিতি দীর্ঘজীবী হোক।

LONG LIVE WBCUTA

অভিনন্দন সহ



(শক্তিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০